

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
www.naikhongchhari.bandarban.gov.bd

স্মারক নম্বর ০৫.৪২.০৩৭৩.১০১.০৫.০১৩.২৩-৪২৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

পুনঃ সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (স্থানীয় সরকার শাখা)- এর ১৯ জুলাই ২০২২ তারিখের ৪৬.৪২.০৩০০.৫০২.০২.০২৪.২২-৩৭৫ সংখ্যক পত্রের প্রেক্ষিতে গত ২৪ এপ্রিল ২০২৩ তারিখের ০৫.৪২.০৩৭৩.১০১.০৫.০১৩.২৩-৪০০ নম্বর স্মারকের মাধ্যমে নাইক্ষ্যংছড়ি উপজেলার অধীনস্থ ৫টি ইউনিয়ন পরিষদে (নাইক্ষ্যংছড়ি সদর, বাইশারী, দোছড়ি ও সোনাইছড়ি) ০১ জন দফাদার ও ০৯ জন মহল্লাদার শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নাইক্ষ্যংছড়ি উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে গত ২১-০৪-২০২৩ তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা হয়েছিল। এর প্রেক্ষিতে আবেদনপত্র প্রয়োজন সাপেক্ষে না পাওয়ায় একই শর্তে আগামী ১০ মে ২০২৩ তারিখ পর্যন্ত আবেদনের সময়সীমা বর্ধিত করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর	পদের সংখ্যা	নিয়োগ পদ্ধতি	বেতন	প্রয়োজনীয় যোগ্যতা
১	১	৩	৪	৫	৬	৭	৮
০১	দোছড়ি ইউনিয়ন	গ্রামপুলিশ (দফাদার)	--	০১	পদোন্নতি অথবা সরাসরি নিয়োগ	সরকার কর্তৃক নির্ধারিত (৩৫০০+ ৩৫০০)= ৭০০০/-	পদোন্নতির ক্ষেত্রে: মহল্লাদার পদে অন্যান্য ৭ (সাত) বৎসরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: যে কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	নাইক্ষ্যংছড়ি সদর ইউনিয়ন	গ্রামপুলিশ (মহল্লাদার)	২, ৩, ৬ ও ৮	০৪	সরাসরি নিয়োগ	সরকার কর্তৃক নির্ধারিত (৩২৫০+ ৩২৫০)= ৬৫০০/-	অষ্টম শ্রেণী অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি.) অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	বাইশারী ইউনিয়ন	গ্রামপুলিশ (মহল্লাদার)	১ ও ৮	০২			
০৪	সোনাইছড়ি ইউনিয়ন	গ্রামপুলিশ (মহল্লাদার)	২, ৬ ও ৯	০৩			

নিয়োগের শর্তাবলী:

- প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে মহল্লাদারদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম (ক) পিতা/স্বামীর নাম (খ) মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জাতীয়তা (চ) ধর্ম (ছ) জন্ম তারিখ (জ) ১০/০৫/২০২৩ তারিখে বয়স (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদন করতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম অত্র কার্যালয়ের ওয়েব পোর্টালে (www.naikhongchhari.bandarban.gov.bd) পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি। (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৩ কপি। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি। (চ) উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। (ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি। (জ) বিশেষ কোটার ক্ষেত্রে বোমাং সার্কেল কর্তৃক প্রদত্ত সনদপত্র সত্যায়িত অনুলিপি। (ঝ) পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে। (ট) শারীরিক সক্ষমতার সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (ঞ) দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);
(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;
মহিলা প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ);
(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি;
- প্রার্থী সনদপত্রাদি ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ১০/০৫/২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ১৮-৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিক গ্রহণযোগ্য নহে।
- আবেদনপত্র আগামী ১০/০৫/২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- খামের উপর পদের নাম বড় অক্ষরে লিখতে হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উপস্থাপন করা যাবে না।

স্বাক্ষরিত/-

(রোমেন শর্মা)

উপজেলা নির্বাহী অফিসার
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা

মোবাইল: ০১৮৫৬৭৭১৬৬১

ই-মেইল: unonaikhongchhari@mopa.gov.bd